

উপজেলা শিক্ষা অফিস

আটঘরিয়া পাবনা।

রূপকল্প (Vision)

সকল শিশুর জন্য সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করণ এবং মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত দেশপ্রেমিক, উৎপাদনমুখী, অভিযোজনে সক্ষম সুখী ও বৈশ্বিক নাগরিক গড়ে তোলা।

মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্ভুদ্ধ, জাতীয় ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি লালনকারী সং, নৈতিক, মূল্যবোধসম্পন্ন, বিজ্ঞানমনস্ক, আত্মবিশ্বাসী, দক্ষ, সৃজনশীল ও সুখী একটি প্রজন্ম তৈরির লক্ষ্যে রূপকল্পটি নির্ধারিত হয়েছে। যে প্রজন্ম স্বকীয়তা বজায় রেখে অপরের কল্যাণে নিবেদিত হওয়ার পাশাপাশি সমাজের ধর্ম-বর্ণ-গোত্র নির্বিশেষে সকলের সংঙ্গে সৌহার্দ্যপূর্ণ আচরণ ও শান্তিপূর্ণ সহাবস্থানে সচেষ্টিত হবে। সৃজনশীলতা ও রূপান্তরযোগ্য দক্ষতা অর্জনের মাধ্যমে উৎপাদনশীল নাগরিক হিসেবে স্বাধীনতার সুফল নিশ্চিত করে উন্নত-সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে অবদান রাখতে পারবে। এছাড়াও বিশ্বায়নের প্রেক্ষাপটে আত্মপরিচয়ের বহুমাত্রিকতাকে স্বাগত জানিয়ে অভিযোজনে সক্ষম বিশ্বনাগরিক হিসেবে নিজেকে গড়ে তুলতে পারবে।

অভিলক্ষ্য (Mission)

প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগতমান উন্নয়নের মাধ্যমে সকল শিশুর জন্য সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ।

কর্মসম্পাদনের ক্ষেত্র:

১. মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;
২. সর্বজনীন ও বৈষম্যহীন টেকসই মানসম্মত প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ;
৩. প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন;
৪. শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থীর বিকাশ ও উৎকর্ষের সামাগিক কেন্দ্র;

সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ
২. শিক্ষাব্যবস্থার মাঠ পর্যায়ে দায়িত্বশীল, স্ব-প্রণোদিত, দক্ষ ও পেশাদার জনশক্তি;

কার্যাবলি

১. শিশু জরিপ
২. শিখন শেখানো কার্যক্রম;
৩. প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ সজ্জিতকরণ এবং শিশুদের বিভিন্নমুখী কার্যক্রমে সম্পৃক্তকরণ;
৪. ভৌত অবকাঠামো উন্নয়ন
৫. বিদ্যালয়ে সুপেয় পানি নিশ্চিতকরণ
৬. কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত দক্ষতা উন্নয়ন
৭. স্বাস্থ্যসম্মত স্যানিটেশন নিশ্চিতকরণ
৮. ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমের উন্নয়ন
৯. সামাজিক উদ্ভুদ্ধকরণ কার্যক্রম এবং
১০. কাবিং কার্যক্রম জোড়দারকরণ।